# Times Today BD

নূর আলম | দেশজুড়ে | 13 May, 2025

নেত্রকোণার দুর্গাপুরে ধান কাটার সময় বজ্রপাতে আব্দুল খালেক (৬০) নামে এক কৃষকের মৃত্যু হয়েছে। সোমবার (১২ মে) বিকেলে উপজেলার চন্ডিগড় ইউনিয়নের নোয়াগাঁও গ্রামে এ ঘটনা ঘটে। নিহত খালেক ওই গ্রামের মৃত আব্দুর রহমানের ছেলে।

বিষয়টি নিশ্চিত করেছেন চন্ডিগড় ইউনিয়ন পরিষদের সদস্য রফিকুল ইসলাম।

স্থানীয় সূত্র ও ইউপি সদস্য জানান, আব্দুল খালেক বাড়ি থেকে কিছুটা দূরে নিজের জমিতে ধান কাটছিলেন। এদিন দুপুর থেকে এলাকায় থেমে থেমে বৃষ্টি ও বজ্রপাত হচ্ছিল।বিকেলে খালেকের নিথর দেহ পড়ে থাকতে দেখে স্থানীয়রা কাছে গিয়ে মাথা ও পিঠে পোড়া দাগ দেখতে পান।পরে ধারণা করা হয়, তিনি বজ্রপাতে মারা গেছেন।

ইউপি সদস্য রফিকুল ইসলাম আরও জানান, খালেকের সন্তানরা ঢাকায় থাকেন।তারা বাড়ি ফিরলে জানাজা সম্পন্ন করা হবে।

এ বিষয়ে দুর্গাপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মাহমুদুল হাসান বলেন, বজ্রপাতে একজন কৃষকের মৃত্যুর খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পাঠানো হয়েছে।

নেত্রকোণা কৃষক বজ্রপাত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:58

URL: https://www.timestodaybd.com/across-the-country/2389895659